

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়  
জাতীয় মহিলা সংস্থা

তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়)  
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা  
[www.totthoapa.gov.bd](http://www.totthoapa.gov.bd)


স্মারক নং ৩২.০২.০০০০.২০৫.৬২.১৮- ৭২২

তারিখঃ ২১/০৩/২০১৯খ্রিঃ

বিষয়ঃ তথ্যকেন্দ্রে কর্মরত অফিস সহায়কের ব্যাংক একাউন্ট খোলা প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ধীন জাতীয় মহিলা সংস্থা কর্তৃক পরিচালিত “তথ্য আপাঃ ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য যোগাযোগ প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় প্রধান কার্যালয় সহ ৪৯০ টি উপজেলা তথ্য কেন্দ্রের জন্য ৪৯৭ জন কর্মচারী নিয়োগ করা হয়েছে। উল্লেখ্য যে (৩ জন ড্রাইভার ৪৯৩ জন অফিস সহায়ক ও ১ জন ক্লিনার) ৪টি প্যাকেজে আউটসোর্সিং পদ্ধতির মাধ্যমে আউটসোর্সিং জনবলের বেতন ভাতাদি তাদের নিজস্ব ব্যাংক হিসাবের মাধ্যমে প্রদানের বিষয়ে চুক্তিপত্রে উল্লেখ রয়েছে।

এমতাবস্থায় আউটসোর্সিং এর মাধ্যমে নিয়োগকৃত তথ্যকেন্দ্রে কর্মরত অফিস সহায়কের বেতন ভাতা প্রদানের জন্য তথ্য কেন্দ্রের যে ব্যাংকে যৌথ হিসাব খোলা হয়েছে সেই ব্যাংকে অফিস সহায়কের নিজ নামে সঞ্চয়ী একাউন্ট খোলার জন্য অফিস সহায়ককে নির্দেশ প্রদান করার জন্য অনুরোধ করা হল। ব্যাংক একাউন্ট খোলার পর ব্যাংকের নাম ও একাউন্ট নাম্বার আবশ্যিকভাবে প্রকল্প অফিসে প্রেরিতব্য গুগল ফরমের (গুগল ফরমটি পরবর্তীতে সরবরাহ করা হবে) মাধ্যমে প্রেরণের জন্য অনুরোধ করা হল।

  
(মীনা পারভীন)

প্রকল্প পরিচালক ( অতিরিক্ত সচিব)

ফোনঃ ৮৩৩২১৩৬

ই-মেইলঃ [pd@totthoapa.gov.bd](mailto:pd@totthoapa.gov.bd)

১। তথ্য সেবা কর্মকর্তা ( সংশ্লিষ্ট উপজেলা )

উপজেলাঃ-----, জেলাঃ-----।

২। জনাব,..... অফিস সহায়ক.....।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

১। নির্বাহী পরিচালক ( অতিরিক্ত সচিব ), জাতীয় মহিলা সংস্থা, ১৪৫ নিউ বেইলী রোড ঢাকা-১০০০।